স্মারক নং ২০৩ ...... তারিখ ০৮/০৮/২৪
১) দৈনিক [illegible]
২) দৈনিক [illegible]
বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য আদেশ প্রদান করা হয়েছে।

# নিলাম বিজ্ঞপ্তি

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(১) ধারা মোতাবেক

বিজ্ঞ যুগ্ম জেলা জজ ও অর্থঋণ ১ম আদালত, গাজীপুর।

সূত্রঃ- অর্থজারী মোকদ্দমা নং- ১০৮/২৩

সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা, ঢাকা ----------------------------------------------------------------ডিক্রীদার

বনাম

১। মেসার্স ইশরাত এ্যাপারেলস লিমিটেড, পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান, সাকিন- সোন্ডা, শরিফপুর, জাতীয় বিশ্ববিদ্যালয় এলাকা, থানা- টঙ্গি, জিলা- গাজীপুর ।

২। মোঃ মজিবর রহমান, ব্যবস্থাপনা পরিচালক মেসার্স ইশরাত এ্যাপারেলস লিমিটেড, পিতাঃ আলহাজ্ব শামসুল হক হাওলাদার, মাতাঃ জয়নব বিবি, সাকিন- ১২৪১, পূর্ব মনিপুর, বেগম রোকেয়া স্মরণী, মিরপুর, থানাঃ মিরপুর, ঢাকা-১২১৬।

৩। মোঃ হাবিবুর রহমান পরিচালক মেসার্স ইশরাত এ্যাপারেলস লিমিটেড, পিতাঃ আলহাজ্ব শামসুল হক হাওলাদার, মাতাঃ জয়নব বিবি, সাকিন- ১২৪১, পূর্ব মনিপুর, বেগম রোকেয়া স্মরণী, মিরপুর, থানাঃ মিরপুর, ঢাকা-১২১৬।

--------দায়ীকগণ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে দায়িকগণের নিকট থেকে ডিক্রীদার ব্যাংক বিগত ১৭/০৮/২০২১ ইং তারিখ পর্যন্ত ডিক্রীদার সুদ সহ খরচ সহ ব্যাংকের প্রাপ্ত ৫৯,০৯,৩৭,১৮৯.৬৪/- টাকা এবং পরবর্তী মামলা খরচ ও সুদসহ অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে আগামী ২৪/০৯/২৪ ইং তারিখে নিম্নরূপ শর্ত সাপেক্ষে নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে উক্ত তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

(১) আগামী ............ ইং তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরকারি বা রেজিষ্ট্রি ডাকযোগে আদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

(২) নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

(৩) নিলাম দরপত্রের সাথে নিলালম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৪) প্রত্যেক দরদাতা উদ্বৃদ দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষ অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফ বা পে-অর্ডার বিজ্ঞ যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত- ২, গাজীপুর এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

(৫) দরদাতা অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা উদ্বৃত দর গৃহীত পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষো অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দনির মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

(৬) দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে আদালতে রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ঐদিন অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্র দাতাগণ তাহাদের প্রতিনিধিগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

(৭) দরপত্রে পত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তপসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(৮) নিম্ন তফসিল বর্নিত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়- দায়ীত্ব ডিক্রীদার/ ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

(৯) উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ের আহ্বান করতে পারবেন।

(১০) কৃতকার্য দরদাতার অনুকূলে শর্ত পূরণ সাপেক্ষে তফসিল বর্নিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ব্যাংকের উক্ত শাখা অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

(১২) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

### তফসিল 'ক'

জেলা- গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রার অফিস- গাজীপুর সদর, মৌজা- সোন্ডা, জে.এল নং- সাবেক ৮৭, আর.এস-০৬, খতিয়ান নং- সি.এস-৫৭, এস.এ -৮৩, আর.এস -৮০, দাগ নং- সি.এস ও এস.এ- ২৬২ (দুই শত বাষট্টি) আর.এস-৫০৭ (পাঁচশত সাত), জমির পরিমান-৩৪.৬২৫ (চৌত্রিশ দশমিক ছয় দুই পাঁচ) শতাংশ ও তদস্থিত প্রকল্প ভবনসহ সকল নির্মাণাদী ও মেশিনারীজ বন্ধককৃত বটে। যাহার চৌহদ্দি- উত্তরে-শাহজাহান আলী খন্দকার ও খন্দকার শাহরিয়ার আহমেদ ও রওশন আরা পলি, দক্ষিনে- মোঃ জিল্লুর রহমান গং ও লুৎফর রহমান গং, পূর্বে- মোঃ মোসলেম উদ্দিন ও কাওসার হোসেন, পশ্চিমে- মোঃ ইউসুফ আলী ।

### তফসিল 'খ'

জেলা- গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রার অফিস- গাজীপুর সদর, মৌজা- সোন্ডা, জে.এল নং- সাবেক ৮৭, আর.এস-০৬, খতিয়ান নং- সি.এস-৬২, এস.এ -৯১, আর.এস -২৭৫, দাগ নং- সি.এস ও এস.এ- ৩৭৩ (তিন শত তিয়াত্তর) আর.এস-৬৮১ (ছয়শত একাশি), জমির পরিমান-১৩ (তের) শতাংশ ও তদস্থিত প্রকল্প ভবনসহ সকল নির্মাণাদী ও মেশিনারীজ বন্ধককৃত বটে। যাহার চৌহদ্দি- উত্তরে-মোঃ তাইজদ্দিন ও মোঃ খলিলুর রহমান, দক্ষিনে- মোঃ শাহজাহান, পূর্বে-মোঃ ইউসুফ আলী, পশ্চিমে- মোঃ মানিক মিয়া ও মোঃ খলিলুর রহমান।

### তফসিল 'গ'

জেলা- গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রার অফিস- গাজীপুর সদর, মৌজা- সোন্ডা, জে.এল নং- সাবেক ৮৭, আর.এস-০৬, খতিয়ান নং- সি.এস-৫৭, এস.এ -৮৩, আর.এস -৮০, দাগ নং- সি.এস ও এস.এ- ২৬২ (দুই শত বাষট্টি) আর.এস-৫০৭ (পাঁচশত সাত), জমির পরিমান-০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) শতাংশ ও তদস্থিত সকল নির্মাণাদী বন্ধককৃত বটে। যাহার চৌহদ্দি- উত্তরে-মোঃ তাইজদ্দিন, দক্ষিনে- মোঃ শাহজাহান, পূর্বে- মেসার্স ইশরাত এ্যাপারেলস লিঃ, পশ্চিমে- মোঃ মজিবর রহমান গং।

উপরোক্ত 'ক', 'খ' এবং 'গ' তফসিলে মোট সম্পত্তির পরিমান (৩৪.৬২৫+১৩.০০+০.৫০)= ৪৮.১২৫০ (আটচল্লিশ দশমিক এক দুই পাঁচ শূন্য) শতাংশ ও তদস্থিত প্রকল্প ভবনসহ সকল নির্মাণাদী ও মেশিনারীজ বন্ধককৃত বটে।

জজ ১ম আদালত, গাজীপুর

আদালতের আদেশক্রমে

সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ ও অর্থঋণ ১ম আদালত, গাজীপুর।